# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১.▶ এমবিএ পাস করার পর সাত বন্ধু একটি কোম্পানি গঠনের জন্য কোম্পানি আইন উপদেষ্টার কাছে কোম্পানি গঠনের আগ্রহ জানালেন। তাদের কথা শুনে উপদেষ্টা বলেন, তারা যে কোম্পানি গঠন করতে চায় তার জন্য কার্যারম্ভে অনুমতিপত্র সংগ্রহ করতে হবে না। তবে দুইটি দলিল তৈরি করতে হবে কিছুটা সময় লাগবে। বন্ধুরা সব শুনে সমঝোতার ভিত্তিতে আইনের আনুষ্ঠানিকতার বাইরে একটি প্রতিষ্ঠান গড়লেন।

ক. নাবালক ব্যক্তি কোন প্রকারের অংশীদারি হতে পারে? ১

খ. স্মারকলিপিকে কোম্পানির সনদ বলা হয় কেন? ২

গ. সাত বন্ধু মিলে কোন ধরনের কোম্পানি গঠন করতে আগ্রহী ছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বন্ধুদের নতুন প্রতিষ্ঠান গড়ার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

২.▶ জনাব তাজুল ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মাস্টার্স পাস করেছেন। তিনি চাকরির সন্ধান না করে মাছ চাষ ও হাঁস-মুরগি পালনের ওপর যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ ও ঋণ নিয়ে স্বল্প পরিসরে ব্যবসায় উদ্যোগ গ্রহণ করেন। কঠোর পরিশ্রম, দূরদৃষ্টি, আত্মপ্রত্যয়, মেধা ও অভিজ্ঞতার সমন্বয়ে ব্যবসায় পরিচালনা করে সাফল্যের দ্বারপ্রান্তে পৌছান।

ক. উদ্যোগ কী? ১

খ. ব্যবসায় উদ্যোগ ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. জনাব তাজুলের ব্যবসায়ের সফলতার কারণ বর্ণনা করো। ৩

Teachingbd24.com

https://teachingbd24.com

ঘ. উদ্যোগের জন্যই সাফল্যের দ্বারপ্রান্তে পৌছায়— জনাব তাজুলের গুণের আলোকে ব্যাখ্যা করো। ৪

৩. ▶ জনাব জাকির একটি রেস্টুরেন্টের ব্যবসায় শুরু করেছেন। রেস্টুরেন্টটি অল্প দিনে খুব জনপ্রিয় হওয়ায় তিনি কক্সবাজারে কয়েকটি শাখা চালু করতে চাচ্ছেন। আর্থিক সংকটের কারণে তিনি তার পরিকল্পনা বাস্তবায়ন করতে পারছেন না।

ক. সংগঠন কী? ১

খ. ব্যবস্থাপনা চক্র কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব জাকিরের আর্থিক সহায়তার উপযুক্ত উৎস কোনটি? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব জাকিরের ব্যবসায়ের অর্থায়নের ভূমিকা সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪. ▶ জনাব কিবরিয়া একজন ফল ব্যবসায়ী। তিনি ক্রেতাদের আড়ালে আঙ্গুর পরিমাপ করে ছোট ছোট প্যাকেট করে রেখে দেন। যখন ক্রেতা এসে আঙ্গুর পরিমাপ করতে বলেন তখন তিনি ক্রেতার চোখ ফাঁকি দিয়ে পরিমাণে কম যেই প্যাকেট সেগুলো বিক্রি করেন। এভাবে তিনি কম আঙ্গুর বিক্রি করে অধিক অর্থ আয়ের পথ বেছে নিয়েছেন।

ক. CIP কী? ১

খ. উদ্যোক্তাকে ব্যবসায়ের নেতা বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব কিবরিয়া ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেননি? ব্যাখ্যা করো। ৩

ঘ. অধিক আয়ের যে পথ জনাব কিবরিয়া বেছে নিয়েছেন তা কি সঠিক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ ইমন যুব উন্নয়ন একাডেমী থেকে ফুল চাষ, মৎস্য চাষ, বৃক্ষরোপণ, হাঁস-মুরগি পালন ইত্যাদি বিষয়ের ওপরে প্রশিক্ষণ নিয়ে একটি খামার প্রতিষ্ঠা করে। দিনে দিনে তার খামারের আয় বৃদ্ধি পাওয়ায় অনেক বেকার লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

https://teachingbd24.com

ক. শিল্পের কাঁচামাল কোন পরিবেশ থেকে আসে? ১
খ. চাকরি বলতে কী বোঝায়? ২
গ. ইমনের কাজটি কোন ধরনের তা ব্যাখ্যা করো। ৩
ঘ. বেকারত্ব লাঘবে ইমনের খামারের অবদান বিশ্লেষণ করো। ৪

৬.▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জনাব আনিসুল হক বাংলাদেশের অর্থনীতির ওপর একটি গবেষণামূলক গ্রন্থ প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও বাজারে আশানুরূপ বিক্রি হচ্ছে না। তিনি খোঁজ নিয়ে জেনেছেন বইটির নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কমে বাজারে বিক্রি হচ্ছে।

ক. পণ্যের প্রতীককে কী বলে? ১
খ. বিএসটিআই-এর কাজ কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আনিসুল হকের সৃষ্ট কাজটি কিসের অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. নকল প্রতিরোধে জনাব আনিসুল হকের কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে করো। তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ মি. হারুন বিসিক এলাকায় একটি ঢালাই কারখানা স্থাপনের চিন্তা করেছেন। তিনি প্রতিষ্ঠানটি নিবন্ধন করতে চাচ্ছেন। ঢালাই কারখানার জন্য উন্নতমানের মেশিন নির্বাচন করলেন এবং অর্থ কোন উৎস থেকে আসবে এসব বিষয়ে তিনি সহায়তা আশা করছেন।

ক. বিসিকের (BSCIC) পূর্ণরূপ কী? ১
খ. ব্যবসায়ের সামাজিক দায়িত্ব বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মি. হারুন কত বছর কর অবকাশ পাবেন? বর্ণনা করো। ৩
ঘ. মি. হারুনের কারখানা স্থাপনের উপযুক্ত সহায়তা প্রয়োজন— বিশ্লেষণ করো। ৪

৮.▶ জনাব রায়হান একজন টমেটো ব্যবসায়ী। তিনি উৎপাদন মৌসুমে প্রচুর পরিমাণে টমেটো ক্রয় করে যথাযথভাবে সংরক্ষণ করেন এবং বিভিন্ন সময়ে চাহিদা মোতাবেক দেশের বিভিন্ন অঞ্চলে টমেটো সরবরাহ করে।

ক. সার্বভৌমত্ব কোন পরিবেশের অন্তর্গত? ১
খ. বাণিজ্য কয় ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

https://teachingbd24.com

গ. জনাব রায়হানের ব্যবসায়টি কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. 'সংরক্ষণ ব্যবস্থা থাকলে এ ধরনের ব্যবসায়ে সফলতা আসে'-তোমার মতামত দাও। ৪

৯.▶ মি. রমিজ বেকার ঘুরে বেড়াচ্ছিলেন। তার বন্ধু রহিমের পরামর্শে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে বেতের চেয়ার, ঝুড়ি বানানো শুরু করেন। এ কাজে পরিবারের তিনজন তাকে সাহায্য করে এবং সে বেশ সফলতা অর্জন করে।

ক. বিনিয়োগের মাপকাঠিতে শিল্পকে কয় ভাগে ভাগ করা হয়েছে। ১

খ. বাংলাদেশের জাতীয় ঐতিহ্যের প্রতীক কোন শিল্প এবং কেন? ২

গ. মি. রমিজের কাজটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রমিজের শিল্পটি কীভাবে বেকার জনগোষ্ঠীকে দারিদ্র্য ও বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত করেছে? বিশ্লেষণ করো। ৪

১০.▶ কলি স্কুলে যাওয়ার সময় রাস্তায় দেখতে পেল একটি বাসের গায়ে তার প্রিয় মডেলের ছবি। ছবিতে দেখা যাচ্ছে ঐ মডেল একটি আইসক্রিম খাচ্ছে। কলি লক্ষ করল একটি নতুন স্বাদের আইসক্রিম।

ক. ধৈর্যশীলতা বিক্রয়কর্মীর কোন ধরনের গুণ? ১

খ. প্রমিতকরণ বলতে কী বোঝায়? ২

গ. কলির দেখা চিত্রটি বিক্রয় বৃদ্ধির কোন ধরনের কৌশল? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিক্রয় বৃদ্ধির জন্য কলির দেখা মাধ্যমটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

১১.▶ নিধি এন্ড কোং-এর মালিক রিয়াজ একজন সফল ব্যবসায়ী। তিনি ভেবেচিন্তে লক্ষ্য স্থির করে কাজে হাত দেন। নতুন ধরনের পানীয় ফ্রিজ বাজারে ছাড়ার পূর্বে কীভাবে ভোক্তার হাতে পৌঁছাবে তা নিয়ে একটি কর্মপরিকল্পনা তৈরি করলেন।

ক. পরিকল্পনার দিক কয়টি? ১

খ. ব্যবসায় সক্ষমতা যাচাই বলতে কী বোঝ? ২

গ. নিধি এন্ড কোং-এর পরিকল্পনার কোন দিকটির কথা বলা হয়েছে তা বর্ণনা করো। ৩

ঘ. ব্যবসায়ী হিসেবে রিয়াজের সফলতার কারণ বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. নিজেদের মধ্যে আন্তঃসম্পর্ক সুদৃঢ় হওয়ার কারণে কিসের গতি বাড়ে?**
ক) পরিকল্পনার খ) কাজের
গ) নির্দেশনার ঘ) নেতৃত্বের

**২. ব্যবস্থাপনা কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হয় কেন?**
ক) প্রতিষ্ঠানে কার্যকর মানের নেতৃত্ব না থাকলে
খ) কর্মীদের মনোবল উন্নত থাকলে
গ) নেতা কর্মীদের যোগ্যতা-অযোগ্যতা সম্পর্কে অবগত থাকলে
ঘ) সাহস ও দৃঢ় মনোবল থাকলে

**৩. কোন কাজটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে করা হয়?**
ক) বিদ্যালয় পরিষ্কার রাখা
খ) বিউটি পার্লার স্থাপন
গ) দাতব্য চিকিৎসা কেন্দ্র
ঘ) বাড়ির পাশের ফুলের বাগান

**৪. কোনটি আধুনিক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ শাখা?**
ক) বাণিজ্য খ) শিল্প
গ) তথ্যপ্রযুক্তি ঘ) প্রত্যক্ষ সেবা

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
আবেদ লেখাপড়া শেষ করে একটি পরিবহন ব্যবসায় শুরু করে। তার পরিবহনগুলো খুলনা থেকে কুষ্টিয়া, কুষ্টিয়া থেকে খুলনা যাতায়াত করে। তার ব্যবহার ও সময়ানুবর্তিতার কারণে অতি অল্প সময়ে সুনাম ছড়িয়ে পড়ে। আর্থিক দিক দিয়ে এখন সে সমাজে প্রতিষ্ঠিত ব্যক্তিত্বে পরিণত হয়েছে।

**৫. আবেদের ব্যবসায়টি কোন ধরনের শিল্প?**
ক) সেবা খ) ক্ষুদ্র
গ) মাঝারি ঘ) বৃহৎ

**৬. আবেদের কর্মসংস্থানের জন্য যে বিষয়টি বেশি কাজ করেছে সেটি হলো—**
i. স্বনির্ভর পেশায় নিয়োজিত হওয়ার মানসিকতা
ii. সমাজে সম্মানজনক পেশায় নিয়োজিত হওয়া
iii. নিজের মেধা ও যোগ্যতার ওপর আত্মবিশ্বাস
**নিচের কোনটি সঠিক ?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. কুটির শিল্পের প্রধান কর্মী কে?**
ক) শ্রমিক খ) পরিবারের সদস্যরা
গ) খণ্ডকালীন কর্মী ঘ) বেতনভুক্ত কর্মী

**৮. শাহিদা বেগমের জীবনী থেকে কোন শিক্ষা নেওয়া যায়?**
ক) অভিজ্ঞতাই ব্যবসায়ের মূল চাবিকাঠি
খ) শিক্ষা ছাড়া ব্যবসায় অচল
গ) পরিস্থিতি মোকাবিলায় সামর্থ্যই সফলতা দান করে
ঘ) বেশি পুঁজিই ব্যবসায়ে সফলতা আনে

**৯. লুৎফা সানজিদার সাফল্যের মূলমন্ত্র কোনটি?**
ক) সততা খ) সৃজনশীলতা
গ) অভিজ্ঞতা ঘ) সংগ্রাম

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
x, y ও z তিন বন্ধু মিলে সমঝোতার ভিত্তিতে একটা ব্যবসায় শুরু করল। লাভ-লোকসান বণ্টন হার নিয়ে সমঝোতায় কিছু উল্লেখ না থাকায় x এখন বেশি মুনাফা দাবি করছে। অন্যদিকে একজন দেনাদার ২০,০০০ টাকা দেনা পরিশোধ না করায় কিছু করাও যাচ্ছে না।

**১০. উদ্দীপকে বর্ণিত সমঝোতাটি লিখিত হলে তাকে কী বলা হবে?**
ক) সম্মতিপত্র খ) চুক্তি
গ) সমঝোতা স্মারক ঘ) চুক্তিপত্র

**১১. বর্তমানে সৃষ্ট সমস্যার সমাধানের আগে যে পদক্ষেপ নেওয়া জরুরি ছিল তা হলো—**
i. লিখিত চুক্তি সম্পাদন ii. চুক্তিপত্র নিবন্ধন
iii. সালিশকারী নিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১২. কোন অংশীদারের দায় ব্যবসায়ে নিয়োজিত মূলধনের পরিমাণ দ্বারা সীমাবদ্ধ?**
ক) আচরণে অনুমিত খ) নামমাত্র
গ) সীমিত ঘ) সাধারণ

**১৩. কোনটি মানব আচরণের মানদণ্ড?** (জ্ঞান)
ক) অর্থ খ) চরিত্র
গ) আচরণ ঘ) ইথস

**১৪. ব্যবসায়ের ক্ষেত্রে দায়বদ্ধতা বিবেচনা করতে হয়—**
i. সামাজিক ii. মানসিক
iii. নৈতিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. কোনটি রক্ষা করার ব্যবস্থা না করলে এর স্বত্বাধিকারী বা মালিক ক্ষতিগ্রস্ত হয়?**
ক) পেটেন্ট খ) কপিরাইট
গ) ট্রেডমার্ক ঘ) লাইসেন্স

TeachingBD24.com
https://teachingbd24.com

১৬. **ট্রেডমার্ক রেজিস্ট্রেশন আইন বাতিল করা হয়—**

i. শর্ত লঙ্ঘন করলে
ii. কোনো অভিযোগ প্রমাণিত হলে
iii. নবায়ন না করলে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. **লেখক ও প্রকাশকের মধ্যে বই মুদ্রণ ও বাজারজাতকরণের জন্য কোন ধরনের চুক্তি হয়?**

ক কপিরাইট খ পেটেন্ট
গ ট্রেডমার্ক ঘ ফ্রানসাইজিং

১৮. **৪০ কাউন্টের সুতা, ৮০ কাউন্টের সুতা নির্ধারণ করাকে কী বলে?**

ক প্রমিতকরণ খ পর্যায়িতকরণ
গ প্যাককরণ ঘ গ্রেডিং

১৯. **কোন ধরনের মধ্যস্থব্যবসায়ীদের বড় গুদাম থাকতে হয়?**

ক পাইকার খ খুচরা ব্যবসায়ী
গ ফরমায়েশি পণ্য বিক্রেতা
ঘ দালাল

২০. **বিপণনের অংশ হিসেবে স্বত্বগত উপযোগ সৃষ্টিতে সাহায্য নিতে হয়—**

i. পাইকারের ii. খুচরা ব্যবসায়ীর
iii. উৎপাদনকারীর

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **ব্যবসায় উদ্যোগ কোন বিষয়টিকে বাস্তবে রূপদান করে?** (অনুধাবন)

ক মানুষের চিন্তা-ভাবনাকে
খ সরকারের গৃহীত পদক্ষেপকে
গ বৃত্তিমূলক শিক্ষাকে
ঘ ব্যবসায়ের কলা-কৌশলকে

২২. **যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠার জন্য কোনটি অপরিহার্য?**

ক শ্রমিক খ মূলধন
গ কাঁচামাল ঘ সংগঠন

২৩. **পরিকল্পনা বাস্তবায়নে কী ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়?**

ক সময় ও ব্যয়সাপেক্ষ খ তথ্য সংগ্রহ বিশ্লেষণ
গ কার্যপদ্ধতি স্থিরকরণ ঘ সর্বোত্তম বিকল্প গ্রহণ

২৪. **ব্যবসায় পরিকল্পনার মধ্যে থাকতে হবে—**

i. ব্যবসায়ের প্রকৃতি কী হবে
ii. ব্যবসায়ের প্রাথমিক অর্থসংস্থান কীভাবে হবে
iii. ব্যবসায়ের প্রাথমিক লাভ কত হবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. **প্রকল্পের বাণিজ্যিক উপাদান কোনটি?**

ক প্রযুক্তি নির্ধারণ খ বাজার যাচাই
গ আনুমানিক লাভ ঘ অর্থায়ন

২৬. **বিভিন্ন রকম সহায়তা কাকে শিল্প স্থাপনে অনুপ্রাণিত করে?**

ক ব্যবসায়ীকে খ পরিচালককে
গ ম্যানেজারকে ঘ উদ্যোক্তাকে

২৭. **বিসিকের প্রধান কাজ বলতে কোনটি বোঝায়?**

ক ঋণ প্রদান খ আইন প্রণয়ন
গ বিনিয়োগ পরামর্শ দান ঘ কর নীতি বাস্তবায়ন

২৮. **বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ প্রতিষ্ঠার লক্ষ্য ছিল কোনটি?**

ক মুনাফা অর্জন
খ শিল্পোন্নয়নে স্বয়ংসম্পূর্ণতা
গ আন্তর্জাতিক সম্পর্ক বৃদ্ধি
ঘ বাণিজ্যিক লাভজনকতা যাচাই

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

পটুয়াখালীর সামিয়া রহমান যুব উন্নয়ন অধিদপ্তর থেকে ফুল চাষের ওপর প্রশিক্ষণ নিয়ে ফুলের ব্যবসায় শুরু করেন। কঠোর পরিশ্রম আর সুযোগের সদ্ব্যবহারের কারণে তার ব্যবসায় ৫ বছরে অনেক বড় আকার ধারণ করে। সম্প্রতি তিনি নারী উদ্যোক্তার পুরস্কার পান।

২৯. **সামিয়া রহমানের নারী উদ্যোক্তা পুরস্কার প্রাপ্তির পেছনে কোনটির অবদান সর্বাধিক?**

ক শিক্ষাগত যোগ্যতা খ অভিজ্ঞতা
গ প্রশিক্ষণ ঘ সৃজনশীলতা

৩০. **সামিয়া রহমান যেভাবে তার ব্যবসায় বৃদ্ধি করেন সেগুলো হলো—**

i. সুযোগের সদ্ব্যবহার
ii. প্রচুর মূলধন
iii. কঠোর পরিশ্রম

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com